# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA
**(Residential Autonomous College affiliated to University of Calcutta)**

**B.A./B.Sc. THIRD SEMESTER EXAMINATION, DECEMBER 2016**
**SECOND YEAR (BATCH 2015-18)**
**BENGALI (Honours)**
Paper : III

Date : 13/12/2016
Time : 11 am – 3 pm
Full Marks : 86

প্রতিটি বিভাগের জন্য পৃথক পৃথক উত্তরপত্রের ব্যবহার আবশ্যিক। বিভাগ-'খ' -এর উত্তর নির্দিষ্ট উত্তরপত্রে লিখতে হবে। পরীক্ষা-পরিদর্শক পরীক্ষা শুরু হওয়ার ২৫ মিনিট পর বিভাগ-'খ' -র উত্তরপত্র সংগ্রহ করবেন ছাত্রদের কাছ থেকে।

## বিভাগ - ক

১। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর লেখো ঃ (১ × ১১)

ক) বাংলা নাটক সাহিত্যের ইতিহাসে নাটককার মধুসূদন দত্তের ভূমিকা আলোচনা করো।

**অথবা**

খ) বাংলা নাটক সাহিত্যের ইতিহাসে নাটককার মন্মথ রায়-এর গুরুত্ব আলোচনা করো।

২। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর লেখো ঃ (১ × ৪)

ক) বলিদান

**অথবা**

খ) নীলদর্পণ

৩। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর লেখো ঃ (১ × ১১)

ক) 'কৃষ্ণকুমারী নাটক'-এ মদনিকা এবং ধনদাস চরিত্রের গুরুত্ব আলোচনা করো।

**অথবা**

খ) 'কৃষ্ণকুমারী নাটক'-টি কি ঐতিহাসিক নাটক আখ্যা পেতে পারে? আলোচনা করো।

৪। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর লেখো ঃ (১ × ৩)

ক) ''পাপকর্ম্মের প্রতিফল এইরূপেই ত হয়ে থাকে।''—কার উক্তি? 'পাপকর্ম্ম' এখানে কী? 'প্রতিফল' কীরূপে ঘটেছিল? (১ + ১ + ১)

**অথবা**

খ) ''তুমি এ নরাধম নিষ্ঠুরকে আর কাকা বলো না।''—কার উক্তি? বক্তা একথা কেন বলেছেন? (১ + ২)

৫। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর লেখো ঃ (১ × ১১)

ক) দ্বিজেন্দ্রলাল রায়-এর 'সাজাহান' নাটক 'ট্রাজেডি' আখ্যা পেতে পারে কি? আলোচনা করো।

**অথবা**

খ) ''সাজাহান নাটক নানা কাহিনীর সমবায়ে গঠিত''—'সাজাহান' নাটকের গঠন প্রসঙ্গে সমালোচকের এই উক্তি কতখানি প্রাসঙ্গিক? আলোচনা করো।

৬। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর লেখো ঃ (১ × ৩)

ক) ''তুমি যশোবন্ত সিংহের ৪০,০০০ মোগল সৈন্য কি মন্ত্রবলে বশ কর্লে!''—কার বক্তব্য? বক্তা কার উদ্দেশে একথা বলেছেন? এখানে 'মন্ত্রবল' কী ছিল? (১ + ১ + ১)

**অথবা**

খ) ''উঠুন, দলিত ভুজঙ্গের মত ফণা বিস্তার করে' উঠুন''—কে বলেছে? কার উদ্দেশে বলেছে? কোন প্রসঙ্গে বলেছে? (১ + ১ + ১)

৭। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর লেখো ঃ (১ × ১১)

ক) বাংলা কাব্যসাহিত্যের ইতিহাসে ঈশ্বর গুপ্তের অবদান আলোচনা করো।

**অথবা**

খ) বাংলা কাব্যসাহিত্যের ইতিহাসে মহাকাব্যধারার পরিচয় দাও। এই মহাকাব্যধারার অবলুপ্তির কারণগুলি লেখো।

৮। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর লেখো ঃ (১ × ৪)

ক) সারদামঙ্গল

**অথবা**

খ) মরীচিকা

৯। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর লেখো ঃ (১ × ১১)

ক) 'জীবনদেবতা' কে? কবির সঙ্গে 'নবীন জীবনডোরে' তিনি কীভাবে বাঁধা পড়েন?

**অথবা**

খ) ''যাহা ছিল নিয়ে গেল সোনার তরী।''—কী নিয়ে গেল সোনার তরী? ব্যাখ্যা করো।

১০। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর লেখো ঃ (১ × ৩)

ক) ''তোমার শেষ গল্পের বইটি পড়েছি, শরৎবাবু'',—বইটির নাম কী? নায়িকার নাম কী? তার জীবনে কী ঘটেছিল? (১ + ১ + ১)

**অথবা**

খ) ''নগ্ন করল আপন নির্লজ্জ অমানুষতা।''—কার 'অমানুষতা' 'নগ্ন' হল? কেন? (১ + ২)

১১। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর লেখো ঃ (১ × ১১)

ক) কাজী নজরুল ইসলাম তাঁর 'সব্যসাচী' কবিতায় পুরাণের নবনির্মাণ ঘটিয়েছেন—এ বিষয়ে আলোকপাত করো।

**অথবা**

খ) 'মধ্যাহ্নে' কবিতায় কবি অক্ষয়কুমার বড়াল পল্লীমধ্যাহ্নের যে ছবিটি তুলে ধরেছেন তা আলোচনা করো।

১২। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর লেখো ঃ (১ × ৩)

ক) ''যেন বদ্ধ পিঞ্জরের পাখি,''—কাদের সম্পর্কে বলা হয়েছে? কেন তাদের উদ্দেশে কবি একথা বলেছেন? (১ + ২)

**অথবা**

খ) ''ভবনে-ভবনে ওঠে হাহাকার—
হর জগতের বিরহ-আঁধার''—কার উদ্দেশে কে বলেছে? এমন কথা বলার কারণ কী? (১ + ২)

——————— × ———————

# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA

**(Residential Autonomous College affiliated to University of Calcutta)**

**B.A./B.Sc. THIRD SEMESTER EXAMINATION, DECEMBER 2016**
**SECOND YEAR (BATCH 2015-18)**
**BENGALI (Honours)**
Paper : III

Date : 13/12/2016
Time : 11 am – 3 pm
Full Marks : 14

Reg. No. : ______________________________ Admit Roll No. : ____________________

বিভাগ 'খ' এর উত্তর নির্দিষ্ট উত্তরপত্রের মধ্যে দেওয়ার জন্য ছাত্ররা সময় পাবে পরীক্ষা শুরুর প্রথম ২৫ মিনিট। ২৫ মিনিট পর পরীক্ষা-পরিদর্শকরা বিভাগ 'খ' এর উত্তরপত্র সংগ্রহ করবেন ছাত্রদের কাছ থেকে।

## বিভাগ - খ

সঠিক উত্তরটির পাশে (✓) চিহ্ন বসাও ঃ (০.৫ × ২৮)

১। 'মহার্ণব' শব্দে কোন্ কোন্ বর্ণে সন্ধি হয়েছে?
ক) অ + অ খ) অ + আ গ) আ + অ ঘ) আ + আ

২। 'বনস্পতি' শব্দের সন্ধিবিচ্ছেদ হল—
ক) বনঃ + পতি খ) বন + পতি গ) বনঃ + স্পতি ঘ) বন + স্পতি

৩। 'অতি + অধিক'-এর সন্ধিযুক্ত রূপটি হল—
ক) অত্যধিক খ) অত্যাধিক গ) অত্যধীক ঘ) অত্যাধীক

৪। 'ভাবুক' শব্দের সন্ধিবিচ্ছেদ হল—
ক) ভাব + উক খ) ভৌ + বুক গ) ভৌ + উক ঘ) ভাব + ঊক

৫। 'রবীন্দ্র' শব্দে কোন্ কোন্ বর্ণে সন্ধি হয়েছে?
ক) ই + ই খ) ই + ঈ গ) ঈ + ই ঘ) ঈ + ঈ

৬। 'পরস্পর' শব্দের সন্ধিবিচ্ছেদ হল—
ক) পরঃ + পর খ) পরঃ + পরঃ গ) পর + স্পর ঘ) পর + পর

৭। 'পশু + অধম'-এর সন্ধিযুক্ত রূপটি হল—
ক) পশ্যধম খ) পশ্বধম গ) পশ্যাধম ঘ) পশ্বাধম

৮। 'ইত্যাদি' শব্দে কোন্ কোন্ বর্ণে সন্ধি হয়েছে?
ক) ই + অ খ) ই + আ গ) ঈ + অ ঘ) ঈ + আ

৯। 'প্রশংসা' শব্দের সন্ধিবিচ্ছেদ হল—
ক) প্রশম্ + সা খ) প্রশং + সা গ) প্রসম্ + শা ঘ) প্রশন্ + সা

১০। 'দুঃ + অবস্থা'-এর সন্ধিযুক্ত রূপ হল—
ক) দূরবস্থা খ) দূরাবস্থা গ) দুরাবস্থা ঘ) দুরবস্থা

১১। 'হিতৈষী' শব্দে কোন্ কোন্ বর্ণে সন্ধি হয়েছে?
ক) অ + এ খ) আ + এ গ) অ + ঐ ঘ) আ + ঐ

১২। 'আশ্চর্য' শব্দের সন্ধিবিচ্ছেদ হল—
ক) আঃ + চর্য খ) আ + চর্য গ) আ + চার্য ঘ) আঃ + চার্য

১৩। 'নিঃ + রন্ধ্র'-এর সন্ধিযুক্ত রূপ হল—
ক) নিরন্ধ্র খ) নিঃরন্ধ্র গ) নীঃরন্ধ্র ঘ) নীরন্ধ্র

১৪। ‘উচ্ছ্বাস’ শব্দের সন্ধিবিচ্ছেদ হল—

ক) উৎ + শাস খ) উৎ + শ্বাস গ) উচ্ + ছাস ঘ) উচ্ + চ্ছ্বাস

১৫। ‘বিদ্বান্’ শব্দের স্ত্রীলিঙ্গ হল—

ক) বিদূষী খ) বিদুষী গ) বিদূষি ঘ) বিদুষি

১৬। ‘মেধাবী’ শব্দের স্ত্রীলিঙ্গ হল—

ক) মেধাবীনি খ) মেধাবিনি গ) মেধাবিনী ঘ) মেধাবীনী

১৭। ‘আয়া’ শব্দের পুংলিঙ্গ হল—

ক) চাকর খ) কিঙ্কর গ) খানসামা ঘ) সেবক

১৮। ‘হিম’ শব্দের স্ত্রীলিঙ্গ হল—

ক) হিমানি খ) হিমানী গ) হীমানি ঘ) হীমানী

১৯। ‘নিরপরাধ’ শব্দের স্ত্রীলিঙ্গ হল—

ক) নিরপরাধী খ) নিরাপরাধী গ) নিরপরাধা ঘ) নিরপরাধিনী

২০। ‘দ্বীপ’ শব্দের বহুবচন হল—

ক) দ্বীপশ্রেণি খ) দ্বীপপুঞ্জ গ) দ্বীপমালা ঘ) দ্বীপবৃন্দ

২১। ‘পর্বত’ শব্দের বহুবচন হল—

ক) পর্বতরাজি খ) পর্বতরাশি গ) পর্বতমালা ঘ) পর্বতবৃন্দ

২২। ‘মহিলা’ শব্দের বহুবচন হল—

ক) মহিলারাজি খ) মহিলারাশি গ) মহিলাপুঞ্জ ঘ) মহিলামহল

২৩। ‘পুষ্প’ শব্দের বহুবচন হল—

ক) পুষ্পমালা খ) পুষ্পরাশি গ) পুষ্পরাজি ঘ) পুষ্পশ্রেণি

২৪। ‘নেতা’ শব্দের বহুবচন হল—

ক) নেতৃসমূহ খ) নেতৃকুল গ) নেতৃরাশি ঘ) নেতৃবর্গ

২৫। ‘অভিজাত’ শব্দের পদান্তর হল—

ক) আভিজাত্য খ) অভিজাত্য গ) আভিজাত্যতা ঘ) অভিজাততা

২৬। ‘উপনিবেশ’ শব্দের পদান্তর হল—

ক) উপনিবেশিক খ) ঔপনিবেশ গ) ঔপনিবেশিক ঘ) উপনিবেশিক

২৭। ‘পরস্পর’ শব্দের পদান্তর হল—

ক) পারস্পারিক খ) পরস্পারিক গ) পারস্পরীক ঘ) পারস্পরিক

২৮। ‘পশু’ শব্দের পদান্তর হল—

ক) পশবিক খ) পশবীয় গ) পাশবিক ঘ) পাশবীক

———— × ————